



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

বিএইচবিএফসি'র বিজনেস ইন্টেলিজেন্স সফটওয়্যার এর শুভ উদ্বোধন।



গ্রাহকসেবা ত্বরান্বিত করার লক্ষ্যে বিএইচবিএফসি'র নিজস্ব মানবসম্পদ ও ব্যবস্থাপনায় Business Intelligence Software নামে একটি নতুন সফটওয়্যার উদ্ভাবন করা হয়েছে। এ উপলক্ষে ৪-৪-১৯ তারিখ কর্পোরেশনের বোর্ড রুমে উদ্ভাবিত সফটওয়্যারটি শুভ উদ্বোধন করেন বিএইচবিএফসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবানীষ চক্রবর্তী, কর্পোরেশনের মহাব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপকগণ। সফটওয়্যারটির মাধ্যমে ঋণ আবেদনকারীগণ তাৎক্ষণিকভাবে তাদের দাখিলকৃত আবেদনের সর্বশেষ অবস্থান জানতে পারবেন। এছাড়া এ সফটওয়্যারের মাধ্যমে অপারেশনাল অফিসসমূহের ঋণ আদায় কার্যক্রম সার্বক্ষণিক মনিটরিং করাসহ MIS সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সহজেই পাওয়া যাবে। ফলে বিএইচবিএফসি'র প্রতিটি অফিসের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে।